

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
(সরকারি মাধ্যমিক-১)  
www.shed.gov.bd

নং-৩৭.০০.০০০০.০৭১.০৪.০০২.০২(অংশ)-২১৪

তারিখ : ১২ বৈশাখ, ১৪৩১ বঙ্গাব্দ  
২৫ এপ্রিল, ২০২৪ খ্রিষ্টাব্দ

প্রজ্ঞাপন

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পবিত্র ঈদ-উল-ফিতরের ছুটির ধারাবাহিকতায় তাপদাহের কারণে গত ২০/৪/২০২৪ খ্রি: তারিখ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এর ৩৭.০২.০০০০.১০১.১৮.০০২.১৫-৬৭৯৩/১২ নং স্মারক মোতাবেক ঘোষিত ছুটি সমাপ্ত হওয়ার পর শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শ্রেণি কার্যক্রম চালুর বিষয়ে নিম্নরূপ সিদ্ধান্ত প্রদান করা হলোঃ

- ০১। আগামী ২৮ এপ্রিল ২০২৪ খ্রি: তারিখ রোজ রবিবার হতে যথারীতি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ খোলা থাকবে এবং শ্রেণি কার্যক্রম অব্যাহত থাকবে;
- ০২। তাপদাহ সহনীয় পর্যায়ে না আসা পর্যন্ত অ্যাসেম্বলি বন্ধ থাকবে;
- ০৩। শ্রেণি কার্যক্রমের যে অংশটুকু শ্রেণিকক্ষের বাহিরে পরিচালিত হয়ে থাকে এবং সূর্যের আলোর সংস্পর্শে আসতে হয়, সে সকল কার্যক্রম সীমিত থাকবে;
- ০৪। তাপদাহ এবং অন্যান্য কারণে শ্রেণি কার্যক্রম বন্ধ থাকার ফলে যে শিখন ঘাটতি তৈরি হয়েছে তা পূরণ এবং নতুন শিক্ষাক্রম অনুযায়ী শিখন ফল অর্জনের জন্য পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত শনিবারও শ্রেণি কার্যক্রম চলবে।

০২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(মোসাম্মার রহিমা আক্তার)  
উপসচিব

নং-৩৭.০০.০০০০.০৭১.০৪.০০২.০২(অংশ)-২১৪

তারিখ : ১২ বৈশাখ, ১৪৩১ বঙ্গাব্দ  
২৫ এপ্রিল, ২০২৪ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো। (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. বিভাগীয় কমিশনার.....(সবুল)
৭. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা
৮. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
৯. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, নিউ ইন্সটন রোড, ঢাকা